## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)
**নারায়ণগঞ্জ শাখা।**

### অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, (১) জনাব সৈয়দ হোসেন সরকার; ব্যবস্থাপনা পরিচালক (২) জনাব শামীম হোসেন সরকার; পরিচালক (৩) জনাব শাহীন হোসেন সরকার; পরিচালক (৪) জনাব আনোয়ার হোসেন সরকার; পরিচালক (৫) জনাব মোঃ নাজির হোসেন সরকার, পরিচালক; হিসাবের নামঃ জেমস এপ্যারেলস (প্রাঃ) লিমিটেড, পরিচালকদের পিতা- জয়নাল আবেদীন সরকার, মাতা- তারা বানু, ব্যবসায়িক ঠিকানা- এ-৬৯ ও ৭৬ বিসিক হোসিয়ারি শিল্পনগরী, শাসনগাঁও, ফতুল্লা, নারায়ণগঞ্জ। বর্তমান ঠিকানাঃ গ্রামঃ ও পোঃ আলীরটেক, ওয়ার্ড-২, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ-১৪২১ এবং স্থায়ী ঠিকানাঃ ১৭৯/৫, পশ্চিম দেওভোগ, ওয়ার্ড-৭, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ-১৪০০ কর্তৃক ইউসিবি, নারায়ণগঞ্জ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.১০.২০২৪ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২৫,৬০,৮৬,১৮২.৩৫ টাকা (পঁচিশ কোটি ষাট লক্ষ ছিয়াশি হাজার একশত বিরাশি টাকা পয়ত্রিশ পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**<u>বন্ধকী সম্পত্তির তফসিল-১</u>**

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা ও সাব রেজিষ্ট্রি অফিস- ফতুল্লা, মৌজা- হরিহরপাড়া, প্লট নং- এ-৬৯ ও ৭৬ বিসিক হোসিয়ারি শিল্পনগরী, শাসনগাও, ফতুল্লা, নারায়ণগঞ্জ, মোট জায়গা-৭,০০০ স্কয়ার ফিট। লীজ ডিড নং-৪৫৯৫, তারিখঃ ২২/০৫/২০০৭, লীজ ডিড নং-২৬৮৭, তারিখঃ ১২/০৩/২০০৯

**<u>বন্ধকী সম্পত্তির তফসিল-২</u>**

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা ও সাব রেজিষ্ট্রি অফিস- ফতুল্লা, মৌজা- হরিহরপাড়া প্লট নং- এ-৮৩ বিসিক হোসিয়ারি শিল্পনগরী, শাসনগাও, ফতুল্লা, নারায়ণগঞ্জ, মোট জায়গা-৩,৫০০ স্কয়ার ফিট। লীজ ডিড নং-৬৩৫৯, তারিখঃ ১১/০৬/২০০৯ যাহার চৌহদ্দী- উত্তরে- জোনাকী টেক্সটাইল, দক্ষিণে- সেলিম হোসিয়ারী, পূর্বে- আমানিয়া টেক্সটাইল, পশ্চিমে- রাস্তা।

**<u>বন্ধকী সম্পত্তির তফসিল-</u>৩**

(১) জেলা, উপজেলা ও সাব রেজিষ্ট্রি অফিস - নারায়ণগঞ্জ, মৌজা- সৈয়দপুর , জে.এল সি.এস-১৭৬, এস.এ- ৭৫, আর.এস-১৬, খতিয়ান নং- সি.এস-৩২৩, এস.এ- ২৭৩, আর.এস-৩৫১, মিউটেশন-১৪৫০ ও ১৭৯৬, জোত নং-১৫৪০ ও ১৭৯৫ প্লট নং- এস.এ- ১১৯৪, আর.এস-১১৬৬, মোট জায়গা-১৩ শতাংশ। (২) খতিয়ান নং-সি.এস-৩২২, এস.এ- ২৭২, আর.এস-৩৫৪, মিউটেশন-১৪৫০, জোত নং-১৫৪০ প্লট নং- এস.এ- ১১৯৫, আর.এস-১১৬৭, মোট জায়গা-৪৩ শতাংশ (৩) খতিয়ান নং- সি.এস-৩২২, এস.এ- ২৭২, আর.এস-৩৫৪, মিউটেশন-১৪৫০, জোত নং-<u>১৫৪০</u> প্লট নং- এস.এ- ১১৯৫, আর.এস-১১৬৮, মোট জায়গা-
১৩৪০
১৫ শতাংশ, মোটঃ (১৩+৪৩+১৫) ৭১ শতাংশ।

নিলামের শর্তাবলী ঃ-

১। আগামী ২৭/১১/২০২৪ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি পিএলসি, নারায়নগঞ্জ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউসিবি, নারায়নগঞ্জ শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি, নারায়নগঞ্জ শাখা।